

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭২. ৪৪.০১১.১৭.৩১০


তারিখ: ১৫ অগ্রহায়ন ১৪২৯ বঙ্গাব্দ
৩০ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: ২০২৩ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির জন্য নিজস্ব ব্যবস্থাপনায় ডিজিটাল লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচিতকরণ।

সূত্র: রাজউক উত্তরা মডেল কলেজ এর পত্র নং-রা/ক/৩৩/১৪৭৫, তারিখ: ২০.১১/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজউক উত্তরা মডেল কলেজের অধ্যক্ষ ২০২৩ শিক্ষাবর্ষে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে শিক্ষার্থী নির্বাচনে লিখিত পরীক্ষা গ্রহণের অনুমতির জন্য অনুরোধ জানিয়েছেন। বর্ণিত শিক্ষাবর্ষে প্রস্তাবিত “বেসরকারি স্কুল, স্কুল এন্ড কলেজে মাধ্যমিক, নিম্ন মাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তরে শিক্ষার্থী ভর্তি নীতিমালা-২০২২” এ ১ম থেকে ৯ম শ্রেণির শিক্ষার্থী ভর্তির জন্য ডিজিটাল লটারির মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার বিধান রাখা হয়েছে; সেখানে লিখিত পরীক্ষার কোনো বিধান রাখা হয়নি।

০২। এমতাবস্থায়, রাজউক উত্তরা মডেল কলেজ-এ শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে নিজস্ব ব্যবস্থাপনায় ডিজিটাল লটারির মাধ্যমে শিক্ষার্থী নির্বাচন করার জন্য নির্দেশক্রমে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো।


৩০/১১/২০২২
(মোঃ মিজানুর রহমান)
উপসচিব

ফোন: ৯৫৪৫০৩২

ই-মেইল : ds_sec2@moedu.gov.bd

অধ্যক্ষ

রাজউক উত্তরা মডেল কলেজ

সেক্টর-৬, উত্তরা মডেল টাউন, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তি কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। অফিস কপি।